৬৩

দৈনিক ইনকিলাব

তারিখ 25 MAY 1993 পৃষ্ঠা ৫ কলাম ৩

## বিশ্ববিদ্যালয় কলেজ ও সনাতন পদ্ধতি

আমাদের দেশে উচ্চ শিক্ষার জন্য যে সকল বিশ্ববিদ্যালয়সমূহ রয়েছে তার সংখ্যা অতি নগণ্য। উচ্চ শিক্ষা লাভে আগ্রহী শিক্ষার্থীর তুলনায় এই বিশ্ববিদ্যালয়ের সংখ্যা অপ্রতুল। তদুপরি বিশ্ববিদ্যালয়ের আসন সংখ্যা সীমিত। এসব বিশ্ববিদ্যালয়ের অধীনে রয়েছে বিভিন্ন বিশ্ববিদ্যালয় কলেজ যেখানে সম্মান ও স্নাতকোত্তর শ্রেণী চালু আছে। এ সকল কলেজে শিক্ষার্থীর সংখ্যা বিশ্ববিদ্যালয় অপেক্ষা বেশী। ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যতীত দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলোতে কোর্স পদ্ধতি চালু আছে অথচ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত বিশ্ববিদ্যালয় কলেজসমূহে সনাতন পদ্ধতি বিদ্যমান। যা শিক্ষার্থীদের ভাল ফলাফলের ক্ষেত্রে একটা অন্তরায় স্বরূপ। সেশন জট ও বিভিন্ন প্রতিকূলতার জন্য সম্মান শ্রেণীর পরীক্ষা ৩ বছরের ক্ষেত্রে ৫/৬ বছর পর পরীক্ষা দিতে হয়। ফলে এই দীর্ঘ সময় পর সম্মান শ্রেণীর কোর্সটি এক সাথে পরীক্ষা দেওয়া শিক্ষার্থীদের নিকট একটা বোঝাস্বরূপ এবং এই দীর্ঘ কালক্ষেপণের কারণে স্বাভাবাকি কারণেই শিক্ষার্থীদের লেখাপড়ায় অনেকটা শিথিলতা এসে যায়। অন্যদিকে কোর্স পদ্ধতি চালু থাকলে শিক্ষার্থীদের লেখাপড়ার একটা চাপ থাকে এবং ধাবাহিকতা বজায় থাকে যেটা শিক্ষার্থীদের ভাল ফলাফলের জন্য সহায় হয়।

তাই দেশের অগণিত উচ্চ শিক্ষালাভে ইচ্ছুক শিক্ষার্থীদের শিক্ষালাভের পথকে সুগম করার লক্ষ্যে সনাতন পদ্ধতিকে পরিবর্তন করে কোর্স পদ্ধতি চালুর জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

—মোঃ রেয়াজুল হক আজাদ,
জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ।